# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৯৮

তারিখ: ১২ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

**বিষয়ঃ চাকুরী স্থায়ীকরণ করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন কর্মচারীর সিলেকশন গ্রেড, পদোন্নতি ও পেনশন কেইসসহ অন্যান্য সংস্থাপনিক বিষয়াদি নিষ্পত্তির সময় দেখা যায় চাকুরী স্থায়ীকরণ করা হয়নি। ফলে উক্ত বিষয়াদি নিষ্পত্তিতে বিলম্ব হচ্ছে। কোন কোন ক্ষেত্রে অত্যন্ত জটিলতা সৃষ্টি হয়।এক্ষণে উক্ত বিলম্ব ও জটিলতা এড়ানোর স্বার্থে যাদের চাকুরী যথাসময়ে স্থায়ীকরণ করা হয়নি বা অনিষ্পন্ন রয়েছে তাদেরকে স্ব স্ব দপ্তরের মাধ্যমে চাকুরী ব্যত্যয়হীনভাবে স্থায়ীকরণ করার প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৫-১২- ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ যে সকল কর্মচারীর চাকুরী যথাসময়ে স্থায়ীকরণ হয়নি, তাদের চাকুরী স্থায়ীকরণের আবেদন প্রাপ্তির পর/ কিংবা স্ব উদ্যোগে তথ্য সংগ্রহপূর্বক আগামী ৩১-১২-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে চাকুরী স্থায়ীকরণের অনিষ্পন্ন কেইসগুলি নিষ্পত্তি করবেন। নির্ধারিত সময়ের পর এ ধরনের প্রস্তাব আসলে তা বিবেচনাযোগ্য হবে না। নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা না হলে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তা/ কর্মকর্তা/ কর্মচারী দায়ী থাকবেন। সেক্ষেত্রে কর্তব্যকর্মে অবহেলার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ কর্মকর্তা/ কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

তাছাড়া, নবনিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে এখন থেকে যথাসময়ে প্রয়োজনীয় শর্তাদি প্রতিপালনপূর্বক বিধি মোতাবেক চাকুরী স্থায়ীকরণের জন্যও সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান/কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশ প্রদান করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৭.০৯.২২
(ওবায়দুল ইসলাম)
সচিব
বাপাউবো, ঢাকা
আইডি নাম্বার-৬৭০২০১০০৩
সেল# ০১৭১১৪৮২৭০০

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৯৮

তারিখঃ ২৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ

অনুলিপি (জ্ঞাতার্থে/ কার্যার্থে) প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান (সকল), ............বাপাউবো ....
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (সকল) ............ বাপাউবো ...
৩। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। নির্বাহী প্রকৌশলী (সকল) ........................................ বাপাউবো ... ।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।
৭। অফিস কপি/মাষ্টার কপি।

অধীন সকল কর্মকর্তা / কর্মচারীকে বিষয়টি অবহিতকরণ নিশ্চিত করার নিমিত্ত।

27.09.2022
(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা
আইডি নাম্বার-৬৫০৭০১০০৪

D:\Afrin pani bhavon\খসড়া কাজসমূহ\স্থায়ীকরণ চিঠি.docx